



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৬২.১৩-৩৮২৮

তারিখঃ ১৩/০৭/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে” (সংশোধিত) কর্মরত নিম্ন বর্ণিত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে একই বেতন ও পদমর্যাদায় তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নিম্নোক্ত কারণে বদলী করা হলোঃ

ক্র নং	কর্মকর্তার নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	বদলীকৃত কর্মস্থল
১	বেগম রেহানা পারভীন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	নড়াইল সদর, নড়াইল।	অভয়নগর, যশোর।

২। বর্ণিত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বেগম রেহানা পারভীন, যশোর জেলার অভয়নগর উপজেলায় কর্মকালীন সময়ে অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ ও আদায়সহ প্রকল্পের নীতিমালা পরিপন্থি কার্যকলাপে কারণে তাকে সাময়িক বরখাস্তসহ শাস্তিমূলক বদলী করা হয়। পরবর্তিতে অনিয়মের বিষয়ে নিঃশর্ত ক্ষমা প্রার্থনাসহ তার বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হলে উহা আদায়ের নিশ্চয়তাসহ অঙ্গীকারনামা দাখিল করলে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়। বর্তমানে অনিয়মতান্ত্রিকভাবে তার দ্বারা বিতরণকৃত বিপুল পরিমাণ ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। তাই মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের স্বার্থে আগামী ০৪ মাসের জন্য (২০/১১/২০১৬ খ্রিঃ পর্যন্ত) তাকে অভয়নগর উপজেলায় বদলী করা হলো। উক্ত সময়ের মধ্যে যদি অনিয়মতান্ত্রিকভাবে তার দ্বারা বিতরণকৃত সমুদয় মেয়াদোত্তীর্ণ খেলাপী টাকা আদায়সহ চলমান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালনা করতে ব্যর্থ হন, তাহলে আপনার চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হবে। এর জন্য পৃথক কোন পত্র জারী করা হবে না, এই পত্রই আপনার চুক্তিভিত্তিক নিয়োগের বাতিল আদেশ হিসেবে বিবেচিত হবে।

৩। আপনাকে আগামী ১৯/০৭/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য বলা হলো। অন্যথায় ২০/৭/২০১৬ খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক ছাড়পত্র প্রাপ্ত হিসেবে বিবেচিত হবেন।

৪। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৬২.১৩-৩৮২৮

তারিখঃ ১৩/০৭/২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. বেগম রেহানা পারভীন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো), উপজেলা : নড়াইল সদর, জেলাঃ নড়াইল।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা : নড়াইল সদর / অভয়নগর, জেলাঃ নড়াইল/ যশোর।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল/ যশোর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ডফাইল।


আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।